গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২০- জুন ৩০, ২০২১

**জেলা সমবায় অফিসার, চুয়াডাঙ্গা**

**এবং**

**যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা**

**সূচি:**


| | | |
|---|---|---|
| ০১ | জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| ০২ | জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য | ৩ |
| ০৩ | সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ | ৩ |
| ০৪ | ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ | ৩ |
| ০৫ | ২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ | ৩ |
| ০৬ | উপক্রমণিকা | ৪ |
| ০৭ | সেকশন ১: জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী | ৫ |
| | ১.১ রূপকল্প | ৫ |
| | ১.২ অভিলক্ষ্য: | ৫ |
| | ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ: | ৫ |
| | ১.৩.১ জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর কৌশলগত উদ্দেশ্যসমূহ: | ৫ |
| | ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য: | ৫ |
| | ১.৪ কার্যাবলি: | ৫ |
| ০৮ | সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ০৯ | সেকশন ৩ : জেলা সমবায় কার্যালয়,চুয়াডাঙ্গাএর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-৮ |
| ১০ | জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৯-১০ |
| ১১ | স্বাক্ষর | ১১ |
| ১২ | সংযোজনী – ১ : শব্দ সংক্ষেপ | ১২ |
| ১৩ | সংযোজনী - ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ | ১৩-১৬ |
| ১৪ | সংযোজনী - ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ | ১৭ |

# জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## *জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য :*

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য জেলা সমবায় কার্যালয় চুয়াডাঙ্গা এর কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুনগত মান উন্নয়নে জেলায় উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন এবং সমবায়ীদেরকে দক্ষ্য জনশক্তিতে রুপান্তর উল্লেখযোগ্য। বিগত তিন অর্থবছরে মোট ৩১২ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ১২৬০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ২০১৬-২০১৭ সনে ৩২২টি, ২০১৭-২০১৮সনে ৩৭৭টি এবং ২০১৮-২০১৯ সনে ৩০০টি সর্বমোট ০৩ বছরে ৯৯৯ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। এ ছাড়া চলতি সনে ৪০০ জন সমবায়ীর দক্ষতা উন্নয়নে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৬৯৮ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ চুয়াডাঙ্গা এর মাধ্যমে প্রায় ৫(পাঁচ) কোটি টাকা কৃষি ঋন সমবায়ীদের মাঝে বিতরন করে কৃষি উৎপাদনে উল্লেখযোগ্য ভুমিকা রেখেছে। অন্যদিকে সমবায়ীদের উৎপাদিত পন্য বাজার জাত করার জন্য ০৪টি সমবায় বাজার খোলা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ/আশ্রয়ণ ফেইজ-২/আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় শুরু থেকে (ঘুর্নায়মান হিসাবে) ২৮৮ (লক্ষ্য)টাকা ঋন বিতরন ও ২৯০ (লক্ষ্য) সার্ভিস চার্জ সহ আসল টাকা আদায় করা হয়েছে।

## *সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ*

আমাদের দেশের প্রেক্ষাপটে সমবায় বিভাগের চ্যালেঞ্জ বহুবিধ। এ জেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ১৯৯২ (বি আরডিবি সহ) টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ, প্রযুক্তি সহায়তা ও প্রয়োজনীয় ঋণ সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছেনা। তাছাড়া, সমবায় বিভাগের কার্যক্রমে গতিশীলতা আনতে অধিকতর প্রকল্পভিত্তিক কাযক্রম গ্রহণ জরুরী হলেও এর অপ্রতুলতার কারনে উন্নয়ন কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে।

## *ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ*

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিস্পত্তি করা, ই-রেজিষ্টেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতি গুলোর প্রফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্টেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের জন্য অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলা ভিত্তিক নির্দিস্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদন মুখী সমিতিতে রুপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং,বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্বিক জনগোষ্ঠী,সুবিধাবঞ্চিত অনগ্রসর জনঘোষ্ঠী মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মস্থান সৃষ্টি, সামাজিক ও অর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নর জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

## *২০২০-২০২১অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ*

- ৪০ টি সমবায় সমিতির নিবন্ধন করা হবে;
- ০৪ টি উৎপাদনমুখি সমবায় সংগঠন করা হবে;
- ৫০০ জনকে চাহিদাভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক কার্যকরী সমিতি গুলোর ৯০% সমবায়ের নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে;

# উপক্রমণিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর পক্ষে
জেলা সমবায় কর্মকর্তা, চুয়াডাঙ্গা

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বিভাগীয় সমবায় কার্যালয় এর পক্ষে
যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা

এরমধ্যে

২০২০ সালের ২০ জুলাই তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২০–২০২১) স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন

•

# সেকশন ১: জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি।

***১.১ রূপকল্প :***

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

***১.২ অভিলক্ষ্য:***

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

***১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:***

**১.৩.১ সমবায় অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন;
২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;
৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

***১.৪ প্রধান কার্যাবলি:***

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্বুদ্ধকরণ ও সমবায় গঠন;
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;
৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;
৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;
৮. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

# সেকশন-২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূর করে আর্থ-সামাজিক উন্নয়ন। | সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | জন | ৭৪৫ | ৬৯৮ | ৭২০ | ৭০০ | ৭৫০ | সমবায় বিভাগ, মহিলা ও শিশু মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায় সমিতি নিরীক্ষার মাধ্যমে অনিয়ম উদঘাটন ও ব্যবস্থাপনা কমিটির জবাবদিহি নিশ্চিতকরণ | সমিতির নিরীক্ষা সম্পাদিত | সংখ্যা | ৩৮০ | ৩০০ | ৩৩০ | ৪০০ | ৪৫০ | সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিবি ও কাল্ব। | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা করা | ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | % | ৯০% | ৭১% | ৯০% | ৯২% | ৯৫% | সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |

# সেকশন ৩: জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

মোটমান: ৭৫

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগতউদ্দেশ্যেরমান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকেরমান | প্রকৃতঅর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | মান: ১৪ | [১.১] নিবন্ধন | [১.১.১] উদ্বুদ্ধকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ১০ | ১১ | ১০ | ৮ | ৬ | ৫ | ৪ | ১২ | ১৪ |
| | | | [১.১.২] নিবন্ধন প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ৩৩ | ২৭৬ | ৪০ | ৩৬ | ৩২ | ৩০ | ২৫ | ৫০ | ৬০ |
| | | | [১.১.৩] নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | গড় | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ১০০% | ৮০% | ১০০% | ১০০% |
| | | | [১.১.৪] উৎপাদনমূখী সমবায় সমিতি গঠিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৫ | ৬ |
| | | [১.২] উৎপাদনমূখী খাতে সমবায়ীদের পুজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান। | [১.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | সমষ্টি | জন | ২ | ৭৪৫ | ৬৯৮ | ৭২০ | ৬৮০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৭০০ | ৭৫০ |
| [২] টেকসই সমবায় গঠনে কাh©ক্রম গ্রহণ | মান: ৪৩ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ৪ | ৫ | ৫ | ৪ | ৪ | ৩ | ৩ | ২ | ৪ | ৪ |
| | | | [২.১.২] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | সময় | তারিখ | ৪ | ২৬ জুলাই | ২৬জুলাই | ১৪ আগস্ট | ২৬ আগস্ট | ৩০ আগস্ট | ০৬ সেপ্টেম্বর | ১৩ সেপ্টেম্বর | ০৭ আগস্ট | ৩০ জুলাই |
| | | | [২.১.৩] অকার্যকর সমিতি বাতিল | গড় | % | ২ | ৪০% | ১২% | ৪০% | ৪০% | ৪০% | ৪০% | ৩০% | ৪০% | ৪০% |
| | | | [২.১.৪]সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | সময় | তারিখ | ৪ | ২৬ জুলাই | ২৬জুলাই | ১৪ আগস্ট | ২৬ আগস্ট | ৩০ আগস্ট | ০৬ সেপ্টেম্বর | ১৩ সেপ্টেম্বর | ০৭ আগস্ট | ৩০ জুলাই |
| | | | [২.১.৫] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | সময় | তারিখ | ৪ | ২৬ জুলাই | ২৬জুলাই | ১৪ আগস্ট | ২৬ আগস্ট | ৩০ আগস্ট | ০৬ সেপ্টেম্বর | ১৩ সেপ্টেম্বর | ০৭ আগস্ট | ৩০ জুলাই |
| | | [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | গড় | % | ৪ | ৯০% | ৭১% | ৯০% | ৮০% | ৭৫% | ৭১% | ৬০% | ৯২% | ৯৫% |
| | | | [২.২.২] কাh©কর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | সময় | তারিখ | ৪ | ৩১ আগষ্ট | ৩১আগষ্ট | ৩১ আগষ্ট | ৩০ সেপ্টেম্বর | ৩১ অক্টোবর | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ আগষ্ট | ৩১ জুলাই |
| | | | [২.২.৩] সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ২ | ১৫০ | ১৩৯ | ১১৬ | ৯০ | ৭৫ | ৭০ | ৬০ | ১০০ | ১২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগতউদ্দেশ্যেরমান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকেরমান | প্রকৃতঅর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | [২.২.৪] সমিতির নিরীক্ষা সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৩৮০ | ৩০০ | ৩৩০ | ৩২০ | ৩১০ | ৩০০ | ২৯০ | ৪০০ | ৪৫০ |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদনের হার | গড় | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | | [২.২.৬] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | গড় | % | ৩ | ৪৯% | ৮০% | ৯০% | ৮০% | ৭৮% | ৭৫% | ৬০% | ৮২% | ৮৩% |
| | | [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | গড় | % | ৪ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | গড় | % | ৪ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন | মান:১৮ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত | সমষ্টি | জন | ৬ | ৯৪৫ | ৫৫০ | ৫০০ | ৪৫০ | ৪২৫ | ৪০০ | ৩৭৫ | ৫০০ | ৫৭৫ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত | গড় | % | ৬ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ০৮ | ১০ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৮ | ৮ |
| | | [৩.৪] গবেষণা ও উদ্ভাবন | [৩.৪.২]উদ্ভাবনপাইলটিং/রেপ্লিকেটিং | সমষ্টি | সংখ্যা | ৩ | ০০ | ১ | ২ | ২ | ১ | ১ | ০ | ২ | ২ |

# মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১
## মোট মান ২৫

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫ ফেব্রুয়ারি ২০২১ | ১৫ মার্চ ২০২১ | ১৫ এপ্রিল ২০২১ | ১৫ মে ২০২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃতস্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫ ডিসেম্বর ২০২০ | ১৪ জানুয়ারি ২০২১ | ১৫ ফেব্রুয়ারি ২০২১ | - | - |

আমি জেলা সমবায় অফিসার, চুয়াডাঙ্গা জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর পক্ষে যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা এর পক্ষে জেলা সমবায় অফিসার, চুয়াডাঙ্গা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসারকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

| | |
|---|---|
| জেলা সমবায় অফিসার<br>চুয়াডাঙ্গা | তারিখ |
| যুগ্ম-নিবন্ধক,<br>বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা | তারিখ |

**সংযোজনী ১: শব্দ সংক্ষেপ**

| ক্রমিকনম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | সিডিএফ | সমবায়উন্নয়নতহবিল |
| ২ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৩ | বিসিএ | বাংলাদেশসমবায়একাডেমী |
| ৪ | আসই | আঞ্চলিকসমবায়ইনষ্টিটিউট |
| ৫ | বিবিএস | বাংলাদেশব্যুরোঅবস্টাটিস্টিক্স |
| ৬ | এনআইডি | জাতীয়পরিচয়পত্র |
| ৭ | এজিএম | বার্ষিকসাধারণসভা |
| ৮ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৯ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |
| ১০ | কালব | ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ |

# সংযোজনী - ২: জেলা সমবায় কার্যালয়, চুয়াডাঙ্গা এর কর্মসম্পাদন সূচক সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | প্রদত্ত প্রমাণকসমূহ | প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [১.১] নিবন্ধন | [১.১.১] উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত | জনসাধারণকে সমবায় আদর্শে উদ্বুদ্ধ করার জন্য সরকারি অর্থায়নে প্রতি উপজেলা/থানা সমবায় কার্যালয় বছরে গড়ে ন্যূনতম ২টি সভা আয়োজন করা ছাড়াও জেলা সমবায় কার্যালয় আরও ২ টি সভা আয়োজন করবে। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক সভার তালিকা (জেলার নাম, সভার সংখ্যা, উপস্থিতির সংখ্যা) | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [১.১.২] নিবন্ধন প্রদানকৃত | প্রতি উপজেলা/থানায় বছরে গড়ে ন্যূনতম ১০টি নতুন সমবায় সমিতি নিবন্ধন প্রদানের উদ্যোগ গ্রহণ/নাগরিকের নিকট হতে প্রাপ্ত আবেদন শতভাগ নিষ্পত্তি করা। | উপজেলা ও জেলা কার্যালয় | ১.জেলার নিবন্ধন আবেদন নিষ্পত্তি রেজিস্টার (আবেদনকারীর নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন/প্রত্যাখ্যান, নিস্পত্তির তারিখ)**<br>২.৫ নং কলামে উপজেলা কর্তৃক নিবন্ধন/প্রত্যাখ্যাত আবেদনের তথ্য (জেলা ভিত্তিক) | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক প্রতিবেদন |
| | [১.১.৩] নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | নতুন সমবায় সমিতি নিবন্ধনের জন্য প্রাপ্ত আবেদন শতভাগ নিষ্পত্তি করা। | উপজেলা ও জেলা কার্যালয় | ” | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক প্রতিবেদন |
| | [১.১.৪] উৎপাদনমুখী সমবায় সমিতি গঠিত | জাতীয় সমায় দিবসের প্রতিপাদ্যকে সামনে রেখে প্রতি উপজেলা/থানায় কৃষি//অকৃষি/অপ্রচলিত পণ্যউৎপাদকগণকে সংগঠিত করে বছরে ন্যূনতম ১টি নতুন সমবায় সমিতি নিবন্ধন অথবা বিদ্যমান সমবায় সমিতির সদস্যগণকে কৃষি//অকৃষি/অপ্রচলিত পণ্য উৎপাদনে উদ্বুদ্ধ করে উৎপাদনমূখী সমিতিতে রুপান্তর করা। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায়ভিত্তিকতালিকা (উপজেলার নাম, সমবায় এর নাম, | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | প্রদত্ত প্রমাণকসমূহ | প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [১.২] উৎপাদনমূখী খাতে সমবায়ীদের পূজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [১.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | উৎপাদনমূখী খাতে সমবায়ীদের পূজি বিনিয়োগের মাধ্যমে সৃষ্ট স্ব-কর্মসংস্থান | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায়ভিত্তিকতালিকা (উপজেলার নাম, সমবায় এর নাম, | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] মডেল সমবায় সমিতি সৃজন | প্রধান কার্যালয় হতে প্রেরিত গাইডলাইন অনুসরণ করে বিভাগে বিদ্যমান সমবায় সমিতি হতে ন্যূনতম ২টি সমবায় সমিতিকে (কেন্দ্রীয়/প্রাথমিক) বিভাগীয় যুগ্ম নিবন্ধক ও তাঁর দপ্তরের অন্যান্য কর্মকর্তাগণ কর্তৃক মডেল সমিতিতে রূপান্তর করা। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায়ভিত্তিকতালিকা (উপজেলার নাম, সমবায় এর নাম, | অধীনস্থ উপজেলাগুলোর প্রদত্ত তথ্যের সমষ্টি ও জেলা সমবায় কার্যালয় কর্তৃক রুপান্তরিত ২ টি সমিতির যোগফল । | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [২.১.২] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | ৩০/০৬/২০২০ তারিখের তথ্যের ভিত্তিতে উপজেলা/জেলা কার্যালয় কর্তৃক প্রণীত এবং জেলা কার্যালয় কর্তৃক সংকলিত অকার্যকর প্রাথমিক সমিতির তালিকা একীভূত করে সংরক্ষণ । | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায়ভিত্তিকতালিকা (উপজেলার নাম, সমবায় এর নাম, | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [২.১.৩] অকার্যকর সমিতি বাতিল | ২.১.২ সূচকে প্রণীত তালিকা অনুযায়ী যে সকল সমবায় সমিতির কার্যক্রম ০৩ বছরের বেশী সময় ধরে বন্ধ আছে সেগুলো সমবায় সমিতি আইনের ৫৩(৬) ধারা অনুযায়ী বাতিল করা। তবে যে সকল সমিতির বিরুদ্ধে সদস্যদের আমানত/সঞ্চয়/পাওনা আত্মসাৎ করে পালিয়ে থাকার অভিযোগ রয়েছে সেগুলো বাতিল করার ক্ষেত্রে ঊর্ধ্বতন অফিসের অনুমোদন প্রয়োজন হবে। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায়ভিত্তিকতালিকা (উপজেলার নাম, সমবায় এর নাম, | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [২.১.৪] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | ২০২০-২১ সনে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে এমন প্রাথমিক/কেন্দ্রীয় সমবায় সমিতির তালিকা প্রণয়ন/সংকলন। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায়ভিত্তিকতালিকা (উপজেলার নাম, সমবায় এর নাম, | জেলা সমবায় অফিস কর্তৃক প্রদত্ত তথ্য। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | প্রদত্ত প্রমাণকসমূহ | প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | [২.১.৫] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | ৩০/০৬/২০২০ তারিখের তথ্যের ভিত্তিতে উপজেলা/জেলা কার্যালয় কর্তৃক প্রণীত এবং জেলা কার্যালয় কর্তৃক সংকলিত প্রাথমিক সমিতির বার্ষিক পরিসংখ্যান একীভূত করে সংরক্ষণ | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায় ভিত্তিক তালিকা (উপজেলার নাম, সমবায় এর নাম, | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| [২.২] সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত /অন্তর্বর্তী কমিটি গঠিত | ২.১.৩ নং সূচকে প্রণীত নির্বাচনী ক্যালেন্ডার অনুযায়ী নির্বাচনযোগ্য কেন্দ্রীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান তদারক করা। এক্ষেত্রে কোন কারণে নির্বাচন অনুষ্ঠিত না হলে অনতিবিলম্বে অন্তর্বর্তী কমিটি গঠন নিশ্চিত করা। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় এর নাম, কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ, ঘোষিত তফশীল মোতাবেক নির্বাচনের তারিখ, প্রযোজ্য ক্ষেত্রে অন্তর্বর্তী কমিটি গঠনের আদেশ নং ও তারিখ (প্রয়োজনীয় সাব কলাম থাকবে)। | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [২.২.২] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | সমবায় বিধিমালা ২০০৪ এর ৫৭ বিধি অনুসরণ করে ন্যূনতম ৫০% কার্যকর সমবায় সমিতির বার্ষিক অনিরীক্ষিত আর্থিক বিবরণী ৩১ আগস্ট এর মধ্যে প্রাপ্তি নিশ্চিত করা। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় এর নাম, হিসাব বিবরণী প্রাপ্তির তারিখ, নির্ণীত নীট লাভ) | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [২.২.৩] সমিতি পরিদর্শন সম্পাদিত | উপজেলা অফিস হতে প্রতিমাসে গড়ে ২টি করে বছরে ন্যূনতম ২৪টি, জেলা অফিস হতে প্রতিমাসে গড়ে ৪টি করে বছরে ন্যূনতম ৪৮টি এবং বিভাগীয় কার্যালয় প্রতিমাসে গড়ে ২টি করে বছরে ন্যূনতম ২৪টি | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় এর নাম, পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পরিদর্শনের তারিখ)। | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [২.২.৪] কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদিত | সরকারি জনবল ও সম্পদের সর্বোচ্চ ব্যবহার এবং নিরীক্ষার গুণগত মান বজায় রাখার স্বার্থে শুধুমাত্র কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (অডিট অফিসারের নাম, অডিটকৃত সমবায়র নাম, অডিট সম্পাদনের তারিখ) | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [২.২.৫] নিরীক্ষা সম্পাদনের হার | লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ নিরীক্ষা সম্পাদন নিশ্চিতকরণের স্বার্থে কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হারকেও লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (অডিট অফিসারের নাম, অডিটকৃত সমবায়র নাম, অডিট সম্পাদনের তারিখ) | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | প্রদত্ত প্রমাণকসমূহ | প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | [২.২.৬] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | সমবায় সমিতি আইন, ২০০১ ( সংশোধন ২০০২ ও ২০১৩) এর ধারা ১৭(৩) অনুযায়ী নিরীক্ষা সম্পাদনকৃত সমবায় সমিতির এজিএম অনুষ্ঠান নিশ্চিত করা। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় এর নাম, অডিট সম্পাদনের তারিখ, এজিএম অনুষ্ঠানের তারিখ) | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর বিধি ১০৮(১) অনুসরণ করে নিরীক্ষা সম্পাদনের পরবর্তি ৩০ দিন অথবা নিরীক্ষা বছরের ৩০ জুন তারিখের মধ্যে (যাহা আগে হয়) সমিতি কর্তৃক বিধি মোতাবেক প্রদেয় নিরীক্ষা ফি শতভাগ আদায় নিশ্চিত করা। এলক্ষ্যে প্রতিমাসে সম্পাদিত অডিট নোটের ভিত্তিতে পরবর্তী মাসের ১ম সপ্তাহে উপজেলা/থানাওয়ারী আদায়যোগ্য নিরীক্ষা ফি এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (অডিট অফিসারের নাম, অডিটকৃত সমবায়র নাম, অডিট সম্পাদনের তারিখ) | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর বিধি ৮৪(২) অনুসরণ করে নিরীক্ষা সম্পাদনের পরবর্তী ৩০ দিন অথবা নিরীক্ষা বছরের ৩০ জুন তারিখের মধ্যে (যাহা আগে হয়) সমিতি কর্তৃক বিধি মোতাবেক প্রদেয় সিডিএফ শতভাগ আদায় নিশ্চিত করা। এলক্ষ্যে প্রতিমাসে সম্পাদিত অডিট নোটের ভিত্তিতে পরবর্তী মাসের ১ম সপ্তাহে উপজেলা/থানাওয়ারী আদায়যোগ্য সিডিএফ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় এর নাম, নির্ণীত নীট লাভ, ধার্যকৃত অডিট সেস, আদায়কৃত টাকার পরিমাণ) | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত | সমবায়ীদের স্থানীয় চাহিদা অনুযায়ী ভ্রাম্যমাণ প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করা। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক সভার তালিকা (উপজেলার নাম, সভার সংখ্যা, উপস্থিতির সংখ্যা) | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদানুযায়ী | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত | বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ কর্তৃক প্রদত্ত সমবায় ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (মনোনীত প্রশিক্ষণার্থীর নাম, সমবায় এর নাম, | প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | প্রদত্ত প্রমাণকসমূহ | প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রশিক্ষণার্থী প্রেরণ | | | | কোর্সের নাম, কোর্স অনুষ্টানের তারিখ (হতে-পর্যন্ত)। | | |
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সফল সমবায়ী এবং সমবায় প্রতিষ্ঠানকে কাজের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার প্রদান | উপজেলা ও জেলা কার্যালয় | মনোনয়নের তালিকা | সংশ্লিষ্ট অনুবিভাগের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৩.৪] গবেষণা ও উদ্ভাবন | [৩.৪.১] উদ্ভাবন পাইলটিং/রেপ্লিকেটিং | নাগরিক সেবা সহজ করার জন্য বিভাগীয় কার্যালয় হতে গৃহীত উদ্ভাবনী ধারণা গ্রহণ ও পাইলটিং কিংবা অন্য কোন দপ্তর কর্তৃক গৃহীত উদ্ভাবনী ধারণা রেপ্লিকেটিং করা। | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা | অধীনস্থ উপজেলাসমূহের প্রদত্ত তথ্যের সমষ্টি। | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন |

## সংযোজনী - ৩ :অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সরকারি | বিআরডিবি | [২.২.৪] কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদন | বিআরডিবিভুক্ত কেন্দ্রীয় সমবায়সমূহের নিরীক্ষা ৩১, ডিসেম্বর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | বিআরডিবির আওতাভুক্ত কার্যকর কেন্দ্রীয় সমবায়সমূহের যথাসময়ে সম্পাদনের দায়িত্ব বিআরডিবি কর্তৃপক্ষের। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, সমবায় এর বার্ষিক প্রতিবেদন ও এর কর্মকান্ডে বিরূপ প্রভাব |
| বেসরকারী | কাল্ব | [২.২.৪] কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদন | কাল্বভুক্ত কার্যকর সমবায়সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | কাল্বভুক্ত কার্যকর সমবায়সমূহের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনের দায়িত্ব কাল্ব কর্তৃপক্ষের। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, সমবায় এর বার্ষিক প্রতিবেদন ও এর কর্মকান্ডে বিরূপ প্রভাব |
| সরকারি | কৃষি সম্প্রসারণ/মৎস্য ও প্রাণি সম্পদ অধিদপ্তর | [২.২.৪] কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদন | সিআইজিভুক্ত কার্যকর সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | কৃষি সম্প্রসারণ ও প্রাণি সম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রকল্পভুক্ত নিবন্ধিত কার্যকর সিআইজি সমবায় সমিতিগুলোর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগীতা। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, অকার্যকর সমিতির সংখ্যা বৃদ্ধি পাওয়া এবং বার্ষিক পরিকল্পনায় বিরূপ প্রভাব |
| সরকারি | এলজিইডি | [২.২.৪] কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদন | কার্যকর পানি ব্যবস্থাপনা সমবায়সমূহের নিরীক্ষা ৩১, অক্টোবর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | এলজিইডি এর অধীনে প্রকল্পভূক্ত কার্যকর পাবসস এর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগীতা। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, অকার্যকর সমিতির সংখ্যা বৃদ্ধি পাওয়া এবং বার্ষিক পরিকল্পনায় বিরূপ প্রভাব |

*******